# দক্ষিণ লেবাননে ইসরাইলি বিমান হামলায় নিহত ৫



লেবাননের দক্ষিণাঞ্চলীয় শহর কানায় ইসরাইলি বিমান হামলা। ছবি: সংগৃহীত

লেবাননের দক্ষিণাঞ্চলীয় শহর কানা লক্ষ্য করে ইসরাইলি বিমান হামলায় অন্তত পাঁচজনের মৃত্যু হয়েছে। দেশটির রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ন্যাশনাল নিউজ এজেন্সি (এনএনএ) জানিয়েছে, হামলায় আরও বেশ কয়েকজন আহত হয়েছেন।

স্থানীয় সূত্র অনুযায়ী, হামলার পরপরই বেসামরিক প্রতিরক্ষা বাহিনী উদ্ধার কাজে নামে। আহতদের দ্রুত নিকটবর্তী টায়ার শহরের বিভিন্ন হাসপাতালে নেওয়া হয় চিকিৎসার জন্য।

এনএনএ আরও জানায়, টায়ার জেলার আশপাশের কয়েকটি এলাকায়ও পৃথকভাবে হামলা চালানো হয়েছে। এর মধ্যে মা'রাকা এলাকায় আরেকটি হামলায় অন্তত তিনজন আহত হওয়ার খবর পাওয়া গেছে।

ঐতিহাসিকভাবে কানা শহরটি আগেও বড় ধরনের সহিংসতার সাক্ষী হয়েছে। ১৯৯৬ ও ২০০৬ সালের ভয়াবহ হামলার স্মৃতি এখনো স্থানীয়দের মনে দাগ কেটে আছে। নতুন এই হামলা এলাকায় আবারও আতঙ্ক ও উত্তেজনা বাড়িয়েছে।

সূত্র: আলজাজিরা

LENS ASIA